দৈনিক ইত্তেফাক

JUN 22 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# বিশেষ কোন ক্যাডারের পদকে আপগ্রেড না করার দাবী

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি সকল ক্যাডারের কর্মকর্তাদের সাথে সমতা রক্ষার স্বার্থে একটি নির্দিষ্ট ক্যাডারের পদকে আপগ্রেড না করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছে। সমিতির পক্ষ থেকে প্রমার্জনের মাধ্যমে পদোন্নতি স্থগিত করার জন্যও দাবী জানানো হয়েছে। গতকাল শুক্রবার সমিতির সভাপতি অধ্যাপক মোঃ কফিল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় উপরোক্ত দাবী জানানো হয়। সভায় ৪শ' জন প্রভাষকের চাকরি স্থায়ীকরণের দাবীও জানানো হয়েছে। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সমিতির সহ-সভাপতি ফাহিমা খাতুন ও প্রফেসর মোঃ সামসুল হক।—প্রেস বিজ্ঞপ্তি